বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম।

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০২১-২২ অর্থ বছরের ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি:-	জনাব খালিদ মাহমুদ চৌধুরী, এম.পি. প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
সভার তারিখ:-	১১ ডিসেম্বর ২০২২।
সময়:-	সকাল ১১:০০ ঘটিকা
স্থান:-	চট্টগ্রাম বোট ক্লাব, চট্টগ্রাম।

সভায় উপস্থিত বিএসসি পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ও শেয়ারহোল্ডারদের তালিকা পরিশিষ্ট-'ক' ও 'খ'-তে সন্নিবেশিত হয়েছে। বিএসসি পরিচালনা পর্ষদের সদস্য জনাব মোঃ আবদুর রহিম খান, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয় দাপ্তরিক কাজে দেশের বাহিরে অবস্থান করায় এবং জনাব নাসিমা পারভীন, যুগ্ম-সচিব, অর্থ মন্ত্রণালয়, সরকারি প্রশিক্ষণে থাকায় সভায় উপস্থিত হতে পারেন নি।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিএসসির সচিব জনাব মোঃ লাল হোসেন সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তর্জমার মাধ্যমে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। এরপর, সভাপতি মহোদয় স্বাগত বক্তব্য প্রদান করেন।

সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্য:-

সভার সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী, এম. পি স্বাগত বক্তব্যের শুরুতে পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, উপস্থিত সাংবাদিকবৃন্দ, বিএসসির কর্মকর্তা ও কর্মচারী এবং উপস্থিত সকলকে স্বাগত জানান। তিঁনি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গবন্ধুর সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, শহীদ জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধের ৩০লক্ষ শহীদ ও নির্যাতিত মা-বোন এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতাসহ যাঁদের নির্মমভাবে হত্যা করা হয়েছে তাঁদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। এছাড়া, বিএসসির যেসকল কর্মকর্তা-কর্মচারী পরলোক গমন করেছেন তিঁনি তাদের সকলের রুহের মাগফিরাত কামনা করেন। তিঁনি বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ব্যক্তিগত উদ্যোগে ১৯৭২ সনের ০৫ই ফেব্রুয়ারি জাতীয় প্রতিষ্ঠান বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়। বঙ্গবন্ধুর লক্ষ্য ছিল আন্তর্জাতিক নৌ সেক্টরে বাংলাদেশের অবস্থান সুনিশ্চিত করা। বঙ্গবন্ধুর সুচিন্তিত পরিকল্পনাতেই বাংলার দূত এবং বাংলার সম্পদ

নামক দুটি জাহাজ নিয়ে বিএসসির যাত্রা শুরু হয় এবং বঙ্গবন্ধু বিএসসির বহরে ২৬টি জাহাজ যুক্ত করেছিলেন। দুর্ভাগ্যজনক হলেও সত্য শিপিং কর্পোরেশনের এই বহর আমরা ধরে রাখতে পারিনি। বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহর ধীরে ধীরে সংকুচিত হয়ে শিপিং কর্পোরেশনের কর্মকান্ড অনেকটা স্থবির হয়ে পড়ে। বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার সার্বিক নির্দেশনা ও পদক্ষেপের কারণে শিপিং কর্পোরেশন আবার জেগে উঠেছে। মাননীয় প্রধানমন্ত্রী ২০০৯ সালে দায়িত্ব গ্রহণ করার পরেই শিপিং কর্পোরেশনের বহরে বিভিন্ন ক্যাটাগরির জাহাজ অন্তর্ভূক্ত করার পদক্ষেপ নিয়েছিলেন। তিনি প্রাথমিকভাবে বিভিন্ন ক্যাটাগরির প্রায় ২১টি জাহাজ অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত নিয়েছেন এবং তারই অংশ হিসেবে ০৬টি জাহাজ অন্তর্ভূক্ত হয়েছে। আরো অনেকগুলো জাহাজ অন্তর্ভূক্ত হওয়ার কার্যক্রম চলমান আছে এবং এই পদক্ষেপের কারণে বাংলাদেশ শিপিং কর্পোরেশন একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। গত অর্থ বছরে আমরা প্রায় ২২৫ কোটি টাকা মুনাফা অর্জন করেছি। এটা বাংলাদেশ শিপিং কর্পোরেশনের প্রতি সরকাররের সঠিক দৃষ্টিভাঙ্গির কারণে হয়েছে। আপনারা সার্বিকভাবে সহযোগিতা করে যাচ্ছেন এবং আপনাদের সর্বোচ্চ সহযোগিতার কারণে এই মৃতপ্রায় শিপিং কর্পোরেশন গত ১৪ বছরে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

সভাপতি মহোদয় আরো বলেন, বাংলাদেশের শেয়ার মার্কেটে বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রথম শ্রেণীর প্রতিষ্ঠান হিসেবে উন্নীত হয়েছে। বাংলাদেশ শিপিং কর্পোরেশনকে আরো গতিশীল করার জন্য মহান জাতীয় সংসদে The Bangladesh Flag Vessels (Protection of Interest) Act, 2019 পাস করা হয়েছে। এর মধ্য দিয়ে জাতীয় প্রতিষ্ঠান হিসেবে সমুদ্রপথে জাহাজ চলাচলের ক্ষেত্রে আমাদের একটি শক্ত অবস্থান তৈরি হয়েছে। তাই, বাংলাদেশ শিপিং কর্পোরেশন একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এই লাভের একটি বিরাট অংশ আমরা শেয়াহোল্ডাদের জন্য লভ্যাংশ হিসেবে দিয়েছি। গত বছরে ১২% লভ্যাংশ শেয়ারহোল্ডারদের জন্য সুপারিশ করা হয়েছিল এবং এবার আমরা ২০% লভ্যাংশ শেয়ারহোল্ডারদের জন্য সুপারিশ করেছি। শিপিং কর্পোরেশন যত বেশি এগিয়ে যাবে আপনারা তত বেশি লাভবান হবেন। বিনিযোগকারীদের প্রতি আমরা সবসময় শ্রদ্ধার দৃষ্টিভঙ্গি নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকি। আমি বিশ্বাস করি, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা মেরিটাইম সেক্টরের জন্য অভূতপূর্ব উন্নয়নমূলক কাজ কর্মকান্ড পরিচালনা করে যাচ্ছে। বাংলাদেশের চট্টগ্রামে একটি মাত্র বন্দর দিয়েই বাংলাদেশে মেরিটাইম সেক্টরে ব্যবসা বাণিজ্য পরিচালিত হতো। আজকে মাননীয় প্রধানমন্ত্রী চট্টগ্রাম বন্দরের পাশাপাশি মংলা বন্দর এবং নতুন একটি বন্দর (পায়রা বন্দর) ইতোমধ্যে উদ্বোধন করেছেন এবং উক্ত বন্দরসমূহের কার্যক্রম শুরু হয়ে গেছে। দক্ষ জাহাজি কর্মকর্তা ও নাবিক তৈরি করার জন্য চট্টগ্রামে একটি মাত্র মেরিন একাডেমি ছিল। এখন পাঁচটি মেরিন একাডেমি প্রতিষ্ঠা করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নির্দেশনায় আরো তিনটি মেরিন একাডেমি প্রতিষ্ঠা করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মেরিটাইম ইনস্টিটিউট তৈরি করা হচ্ছে বরিশাল ও মাদারীপুরে এবং কুড়িগ্রামে আরো একটি ইন্সটিটিউট প্রতিষ্ঠা করার জন্য আমরা পদক্ষেপ গ্রহণ করেছি। ফলে যথেষ্ট পরিমাণ নাবিক তৈরি হচ্ছে এবং

এই নাবিকরা বাংলাদেশের এম্বাসেডর হিসেবে পৃথিবীর বন্দরে বন্দরে যাচ্ছে ও বৈদেশিক মুদ্রা অর্জন করে বাংলাদেশের অর্থনীতিকে গতিশীল করছে। বর্তমান সরকার মনে করে যে, সমুদ্র হবে বাংলাদেশের অর্থনীতির মূল চালিকা শক্তি। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী সুনীল অর্থনীতির কথা বলেছেন এবং সুনীল অর্থনীতির অন্যতম একটির অংশীদার হিসেবে বাংলাদেশ শিপিং কর্পোরেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে আমরা সেই দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যাচ্ছি।

সভাপতি মহোদয় আরো বলেন, বাংলাদেশের অর্থনীতি এখন স্বনির্ভর। বাংলাদেশ এখন নিজস্ব অর্থায়নে মেগা প্রোজেক্ট বাস্তবায়ন করছে। আপনারা ইতোমধ্যে জানেন যে, আমরা নিজস্ব অর্থায়নে প্রথমবারের মত সাহসী পদক্ষেপের মাধ্যমে পদ্মাসেতু নির্মাণ করেছি। ইতোমধ্যে বঙ্গবন্ধু কর্ণফুলী টানেলের একটি অংশ মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন। আগামী জানুয়ারিতে সর্বসাধারণের জন্য বঙ্গবন্ধু টানেল খুলে দেয়া হবে। ঢাকা শহরে এ বছরের মধ্যে মেট্রোরেল উদ্ধোধন হতে যাচ্ছে এবং মাননীয় প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন আগামীতে চট্টগ্রামেও মেট্রোরেল প্রতিষ্ঠা করা হবে। এছাড়া, টিউব রেল লাইন স্থাপনের সমীক্ষা শেষ হয়ে গেছে যার কার্যক্রম হাতে নেয়া হচ্ছে। পঞ্চগড় থেকে কক্সবাজার পর্যন্ত রেল যোগাযোগ তৈরি হয়ে গেছে। বাংলাদেশে সড়ক যোগাযোগের অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। বর্তমানে পৃথিবীর অন্যতম সড়ক ব্যবস্থা বাংলাদেশে তৈরি হয়েছে। আমাদের আকাশপথে একসময় শুধু ঢাকা ও চট্টগ্রামে বিমান পরিচালনা করা হতো। এখন সিলেট, যাশোর, বরিশাল, সৈয়দপুর, রাজশাহী, ঈশ্বরদী এবং কক্সবাজারে আন্তর্জাতিক মানের রানওয়ে তৈরি করা হয়েছে এবং সেখানে আন্তর্জাতিক বিমান বন্দর স্থাপিত হয়েছে। বাংলাদেশের শিক্ষিত জনগোষ্ঠী তৈরি করার জন্য প্রত্যেক উপজেলায় টেকনিক্যাল স্কুল এবং কলেজ প্রতিষ্ঠা করা হচ্ছে। প্রত্যেক জেলায় একটি সরকারী কলেজ এবং বিদ্যালয় স্থাপন করা হয়েছে। প্রত্যেক জেলায় বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল কলেজ স্থাপনের পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা সাহসী, দক্ষ এবং যোগ্য নেতৃত্বের কারণে এসব উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন সম্ভব হচ্ছে। তাই, বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী পৃথিবীর সকল রাষ্ট্রের কাছে একটি সম্মানিত জায়গায় অধিষ্ঠিত হয়েছে। গত কয়েকদিন আগে বাংলাদেশে আন্তর্জাতিক ফ্লীট রিভিউ ২০২২ অনুষ্ঠিত হয়েছে। সেখানে প্রায় ৪৮ টি বিদেশি যুদ্ধ জাহাজ অংশগ্রহণ করেছে। আমেরিকা থেকে শুরু করে বিভিন্ন দেশের নৌবাহিনীর প্রধানসহ ২৮ টি দেশের উচ্চপদস্ত কর্মকর্তারা সেখানে উপস্থিত ছিলেন। আমাদের নৌপ্রধান বলেছেন যেকোন শত্রুর আক্রমন থেকে মোকাবিলা করার জন্য আমাদের নৌবাহিনী প্রস্তুত আছে। এটা আমাদের জন্য গর্ব, এটা আমাদের জন্য অহংকার। নৌবাহিনীর কোন ধরনের সামরিক কাঠামো তৈরি ছিলনা। মাননীয় প্রধানমন্ত্রী নৌবাহিনীকে ত্রিমাত্রিক একটি নৌবাহিনীতে পরিণত করেছেন। বঙ্গপোসাগর শুধু নামেই বঙ্গোপসাগর ছিল। সেটাকে অতীতে ব্যবহার করা সম্ভব হয়নি। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে মায়ানমার এবং ভারতের সাথে কূটনৈতিকভাবে জয়লাভ করার মধ্য দিয়ে এই বঙ্গোপসাগরে আমরা অধিকার প্রতিষ্ঠা করেছি। বাংলাদেশের সুনীল অর্থনীতিকে সঠিকভাবে ব্যবহার করার লক্ষ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের পাশাপাশি সমুদ্রবন্দর গুলো গড়ে তোলা হচ্ছে এবং বাংলাদেশের বড় প্রাপ্তি হচ্ছে আমারা

গভীর সমুদ্র বন্দর মাতারবাড়ি প্রতিষ্ঠা করছি। আগামী বছরের শুরুতে মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর নির্মাণ কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৩ বছরের লড়াই সংগ্রাম শেষে সমগ্র জাতীকে ঐক্যবদ্ধ করে যেভাবে সার্বভৌম একটি বাংলাদেশ উপহার দিয়েছেন একইভাবে তাঁর উত্তরাধিকার জাতির পিতার সুযোগ্য কন্যা মনানীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশকে ২০৪১ সালে আমরা একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে পারবো। পরিশেষে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ :-

সভাপতির অনুমতিক্রমে বিএসসির সচিব বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০২১-২২ অর্থ বছরের ৪৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ করেন এবং সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্যসূচিসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

আলোচ্যসূচী ১ ও ২ :- বিএসসি'র ৩০ জুন ২০২২ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ-বছরের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ-বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বহিঃযুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন:-

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিএসসির সচিব ৩০ জুন ২০২২ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ-বছরের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ-বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তদ্‌সংশ্লিষ্ট বিষয়ে বহিঃযুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন উপস্থাপনের জন্য বিএসসির ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করেন। অত:পর, সভাপতির অনুমতিক্রমে বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমডোর এস এম মনিরুজ্জামান সম্মানিত শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে ২০২১-২২ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন।

বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ২০২১-২২ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও আর্থিক প্রতিবেদন উপস্থাপন:-

বিএসসির ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে শ্রদ্ধাভরে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবং নির্দেশনায় ১৯৭২ সালের ০৫ই ফেব্রুয়ারি রাষ্ট্রপতির ১০নং আদেশে বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। তিনি স্বশ্রদ্ধচিত্তে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধুর শাহাদাৎ বরণকৃত পরিবার পরিজনদের এবং শহীদ জাতীয় চার নেতাকে। তিনি আরো শ্রদ্ধাভরে স্মরণ করেন বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সে সকল প্রিয় সহকর্মী ও সম্মানিত শেয়ারহোল্ডারগনকে, যাঁরা ইতোমধ্যে ইহলোক ত্যাগ করেছেন। তিনি এ বিশেষ দিনে মহান আল্লাহ তালার নিকট তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি আরও স্মরণ করেন বিগত দিনে বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সাথে জড়িত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী এবং সম্মানিত শেয়ারহোল্ডারগনকে যাঁদের আত্মত্যাগ ও একনিষ্ঠ কর্মকান্ড সর্বদাই কর্পোরেশনের উন্নয়নে সম্পৃক্ত ছিল। তিনি নিবেদিত সে সকল পূর্বসূরিদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। অত:পর, তিনি নিম্নোক্ত বিষয়াদি সভায় তুলে ধরেন:-

কর্পোরেশনের আয়-ব্যয়, নিট লাভ ও লভ্যাংশ:-

(ক) গত অর্থ বছরে অর্থাৎ ২০২১-২২ অর্থ বছরে বিএসসি'র পরিচালনা আয় ছিল ৪৪৯.৫৭ কোটি টাকা এবং অন্যান্য খাত থেকে আয় হয়েছে প্রায় ৬৭.৮২ কোটি টাকা। সর্বমোট আয় হয়েছে প্রায় ৫১৭.৩৯ কোটি টাকা। এছাড়া, পরিচালনা ব্যয় ছিল ১৭১.২৮ কোটি টাকা ও প্রশাসনিক ও আর্থিক খাতে ব্যয় ছিল ৭৩.০৪ কোটি অর্থাৎ সর্বমোট ব্যয় হয় ২৪৪.৩২ কোটি টাকা। ২০২১-২২ অর্থ বছরে কর সমন্বয়ের পর সংস্থার নীট মুনাফা হয়েছে ২২৫.৮১ কোটি টাকা।

(খ) গত ২০২০-২১ অর্থ বছরে বিএসসি'র মোট আয় হয়েছিল ৩২২.৯৭ কোটি টাকা ও মোট ব্যয় হয়েছিল ২২৭.২৭ কোটি টাকা এবং কর সমন্বয়ের পর নীট মুনাফা হয়েছিল ৭২.০৩ কোটি টাকা। ২০২০-২১ অর্থ বছর থেকে ২০২১-২২ অর্থ বছরে বিএসসির নীট আয় বেড়েছে ১৫৩.৭৮ কোটি টাকা। বর্তমান সরকারের সুষ্ঠু পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতা ও পরিচালনা পর্ষদের প্রত্যক্ষ দিক-নির্দেশনা, তত্ত্বাবধান ও মনিটরিং এর মাধ্যমে বিএসসি আন্তর্জাতিক সমুদ্রপথে জাহাজ পরিচালনা করছে। শিপিং সংক্রান্ত আন্তর্জাতিক জটিল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক বিএসসি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিবিধ ঝুঁকি নির্ধারণ ও সুষ্ঠুভাবে ব্যবস্থাপনা করে প্রয়োজনীয় সময়ানুগ সিদ্ধান্ত, কৌশল ও পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বাণিজ্যিক ও প্রযুক্তিগত উৎকর্ষ সাধন করতঃ সংস্থার আয় বৃদ্ধি ও ব্যয় নিয়ন্ত্রণ করছে। ফলে, বিএসসি পূর্বের তুলনায় অধিক মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে। সার্বিক অবস্থার পরিপ্রেক্ষিতে, ২০২০-২১ অর্থ বছরের তুলনায় ২০২১-২২ অর্থ বছরের নীট লাভ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।

(গ) বিএসসি পরিচালনা পর্ষদ কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণকে ২০২১-২২ অর্থ বছরের নীট লাভ হতে ২০% (বিশ) হারে নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ট) প্রদানের সুপারিশ করা হয়েছে।

মূলধন:-

গত ৩০ জুন ২০১৯ তারিখে কর্পোরেশনের পরিশোধিত মূলধনের পরিমাণ ৳১৫২,৫৩,৫০,৪০০.০০ (একশত বায়ান্ন কোটি তিপ্পান্ন লক্ষ পঞ্চাশ হাজার চার শত) টাকা। তন্মধ্যে সরকারের শেয়ারের পরিমাণ ৳৭৯,৪৬,৩৪,৪০০.০০(ঊন আশি কোটি ছেচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার চার শত) এবং বেসরকারি শেয়ারহোল্ডারদের শেয়ারের পরিমাণ ৳৭৩,০৭,১৬,০০০.০০(তিয়াত্তর কোটি সাত লক্ষ ষোলো হাজার টাকা)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শেয়ারের সংখ্যা ৭,৯৪,৬৩,৪৪০টি (সাত কোটি চুরানব্বই লক্ষ তেষট্টি হাজার চারশত চল্লিশ) যা মোট শেয়ার সংখ্যার ৫২.১০ শতাংশ এবং বেসরকারি শেয়ারহোল্ডারদের শেয়ারের সংখ্যা ৭,৩০,৭১,৬০০টি (সাত কোটি ত্রিশ লক্ষ একাত্তর হাজর ছয়শত) যা মোট শেয়ার সংখ্যার ৪৭.৯০ শতাংশ।

সম্পদ ও দায়:-

২০২১-২২ অর্থ বছরে নিরীক্ষিত হিসাব অনুযায়ী বিএসসির মোট সম্পদের পরিমাণ ৩,১০৫.৩৭ কোটি টাকা এবং মোট বহি: দেনার পরিমাণ ১,৯৯৯.১২ কোটি টাকা।

লোকবল:-

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের শোর এষ্টাব্লিশমেন্টে (অফিসে) অনুমোদিত জনবল ১৫২১ জন (কর্মকর্তা ২১৭ জন ও কর্মচারী ১৩০৪ জন)। ৩০ জুন, ২০২২ তারিখে কর্পোরেশনের শোর এষ্টাব্লিশমেন্টে

(অফিসে) কর্মরত কর্মকর্তার সংখ্যা ছিল ৬৪ জন এবং কর্মচারীর সংখ্যা ১৫৬ জন অর্থাৎ সর্বমোট ২২০ জন। এছাড়া এফ্লোট এষ্টাব্লিশমেন্টে (জাহাজে) কর্মরত অফিসারের সংখ্যা ছিল ১৫২ জন ও নাবিক ১৪০ জন অর্থাৎ সর্বমোট ২৯২ জন।

বিএসসি আইন:-

সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে অবহিত করেন, বিএসসির বাণিজ্যিক ও দাপ্তরিক কাজে গতি বৃদ্ধির জন্য ১৯৭২ সালের বিএসসি আইন (পিও ১০) প্রয়োজনীয় সংশোধন, সংযোজন ও সময়োপযোগী করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপের দীর্ঘ প্রক্রিয়া সম্পন্ন করে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত আইনের সাথে সামঞ্জস্য ও বাংলাদেশ স্টক এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক গত ৩১ মে ২০১৭ তারিখ হতে শেয়ারের অভিহিত মূল্য ১০০/- টাকা হতে ১০ টাকা করা হয়েছে। এছাড়াও বিএসসির কর্মকর্তা-কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯৭ সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে।

উন্নয়ন প্রকল্প:-

বিএসসি বর্তমান সরকারের সুযোগ্য দিক নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় সামনের দিকে এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যে সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং ব্লু-ইকোনমির ধারণা বাস্তবায়নের লক্ষ্যে এসডিজি গোলস-২০৩০ এবং রুপকল্প-২০৪১ এর সাথে সামঞ্জস্য রেখে একটি স্বয়ংসম্পূর্ণ আন্তর্জাতিক শিপিং সংস্থা গড়ে তোলার লক্ষ্যে মিশ্র বাণিজ্যিক জাহাজ বহর সৃষ্টিসহ আনুষাঙ্গিক নানাবিধ উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে চীন সরকারের ঋণ সহায়তায় গত ২০১৮-১৯ অর্থ বছরে ৬(ছয়)টি নতুন জাহাজ (প্রতিটি প্রায় ৩৯,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ৩টি নতুন প্রোডাক্ট অয়েল ট্যাংকার ও ৩টি নতুন বাল্ক ক্যারিয়ার) ক্রয় প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। উক্ত জাহাজসমূহ বিশ্বব্যাপী বাণিজ্যিকভাবে নিয়োজিত করা হয়েছে।

বর্তমান সরকার কর্তৃক কয়েকটি কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পগুলোর জন্য প্রয়োজনীয় কয়লা বিদেশ হতে আমদানী করা হবে। দেশের জ্বালানী নিরাপত্তার স্বার্থে কয়লা পরিবহনের Uninterrupted supply chain গড়ে তোলার জন্য ৮০ হাজার টনের ২টি মাদার বাল্ক ক্যারিয়ার ক্রয় প্রকল্প/পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ইস্টার্ন রিফাইনারি লিঃ এর ক্রুড অয়েল পরিশোধন ক্ষমতা ভবিষ্যতে দ্বিগুণ হবে। সমস্ত ক্রুড অয়েল বিএসসি'র নিজস্ব জাহাজের মাধ্যমে পরিবহনের জন্য নতুন প্রতিটি ১,১৪,০০০ মেট্রিক টন ক্ষমতা সম্পন্ন ২ (দুই) টি নতুন মাদার ট্যাংকার ক্রয় সংক্রান্ত প্রকল্প/পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) প্রতি বছর ৩৫ লক্ষ মেট্রিক টন ডিজেল অয়েল এবং ৪ লক্ষ মেট্রিক টন জেট ফুয়েল আমদানী করে, যা বিদেশী জাহাজের মাধ্যমে পরিবহন করা হয়। ইস্টার্ন রিফাইনারি কর্তৃক বাস্তবায়নাধীন Single Point Mooring (SPM) with double pipeline শীর্ষক প্রকল্প সমাপ্ত হলে আমদানিকৃত ডিজেল ও জেট ফুয়েল পরিবহনের জন্য ২ (দুই)টি ৮০,০০০ টন ক্ষমতা সম্পন্ন মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয় প্রকল্প/পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

কন্টেইনার পরিবহন বাণিজ্যে বৈশ্বিক ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় বিএসসির লাভজনক ও সফল অংশগ্রহণ নিশ্চিতকরণে নতুন ১২(বার)টি সেলুলার কন্টেননার জাহাজ (প্রতিটি ২,৫০০ থেকে ৩,০০০ TEUs) অর্জনের পরিকল্পনা গহণ করা হয়েছে।

এছাড়া, ভবিষ্যৎ চাহিদার ভিত্তিতে আরো বিভিন্ন আকার ও ধরণের জাহাজ ক্রয় সংক্রান্ত এবং দেশে আন্তর্জাতিক মানের জাহাজ নির্মাণ, ডকিং, মেরামত ইত্যাদি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আন্তর্জাতিক মানের শিপইয়ার্ড নির্মাণ প্রকল্প গ্রহণ করা হচ্ছে যা সময়ে সময়ে আপনাদের অবহিত করা হবে।

RPO তহবিল ব্যয়ের হিসাবঃ-

তিনি আরও বলেন, RPO (Repeat Public Offer) এর মাধ্যমে শেয়ারবাজার হতে সংগৃহীত হয়েছিল ৩১৩.৭০ কোটি টাকা। বার্ষিক সাধারণ সভায় সম্মানীত শেয়ারহোল্ডারদের অনুমোদনক্রমে RPO এর মাধ্যমে সংগৃহীত অর্থ হতে এ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৩.৪৩ কোটি টাকা। এ ব্যয়ের মধ্যে ঢাকাস্থ ২৫তলা ভবন নির্মাণ বাবদ ব্যয় হয়েছে ৫৯.৩৫ কোটি টাকা, শেয়ার বাজারজাতকরণ খাতে ব্যয় ১৭.৯৩ কোটি টাকা এবং চীন সরকারের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয় খাতে ব্যয় হয়েছে ১৬.১৫ কোটি টাকা। RPO ফান্ডের বর্তমান স্থিতি প্রায় ২২০.২৭ কোটি টাকা।

ব্যবস্থাপনা পরিচালক আরো বলেন যে, জাতির পিতার আদর্শে, সরকারের পৃষ্ঠপোষকতায় এবং শেয়ারহোল্ডারদের সহযোগিতায় বাংলাদেশ শিপিং কর্পোরেশন আজ নতুন উদ্যমে ঘুরে দাড়ানোর প্রত্যয়ে ফলপ্রসু ভুমিকায় অবতীর্ণ হয়েছে। ইনশাআল্লাহ্ বিএসসি অচিরেই দেশ ও দশের আকাঙ্খা পূরণে সক্ষম হবে। সে যাত্রায় সকলের অব্যাহত সমর্থন, সহযোগিতা এবং পরামর্শ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

পরিশেষে, তিনি নৌপরিবহন মন্ত্রণালয়, সরকারের সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় বিশেষ করে অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ নৌবাহিনী, কোস্টগার্ড, BADC, ERD, BCIC, BPC, বাংলাদেশ ব্যাংক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, শুল্ক কর্তৃপক্ষসহ আমদানীকারক ও রপ্তানীকারক, বিএসসি'র সাথে সম্পৃক্ত ব্যাংকসমূহ, সকল এজেন্ট এবং অন্যান্য সংস্থাসমূহকে তাদের সহায়তা ও সহযোগিতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অতঃপর বিজয়ের মাসে উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডার, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আন্তরিক ধন্যবাদ ও মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী ১ এবং ২ এর বিষয়ে সম্মানিত শেয়ারহোল্ডারদের বক্তব্যঃ-

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিএসসির সচিব ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক উপস্থাপিত বাংলাদেশ শিপিং কর্পোরেশনের ২০২১-২২ অর্থ বছরের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর সম্মানিত শেয়ারহোল্ডারগণকে বক্তব্য রাখার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত শেয়ারহোল্ডারগণ তাঁদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেনঃ-

জনাব কবির আহমেদ চৌধুরী (বিও একাউন্ট নং-১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০) :-

জনাব কবির আহমেদ চৌধুরী সভার সভাপতি মহোদয়, উপস্থিত পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, শেয়ারহোল্ডার ও অন্যান্য সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি সভাপতিকে সভার বিশেষ আকর্ষণ হিসেবে উল্লেখ করে সভাপতি ও নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে প্রাণঢালা অভিনন্দন জানান। এছাড়া, শেয়ারহোল্ডারদের সার্বিক সহযোগিতার জন্য তিনি সংস্থার সচিবের প্রতি ধন্যবাদ জ্ঞাপন

করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিএসসির যাত্রা শুরু করেছিলেন ২টি জাহাজ নিয়ে যা তাঁর সময়ে ১৪টি জাহাজে উন্নীত করা হয়। তাছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর সুস্পষ্ট দিক-নির্দেশনায় বিএসসির বহরে নতুন জাহাজ সংযোজন হওয়ায় বিএসসির আয় ভবিষ্যতে আরো বৃদ্ধির আশাবাদ ব্যক্ত করেন এবং মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে সুন্দর ও সফলভাবে এজিএম আয়োজন করায় মাননীয় সভাপতির প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বিএসসির বার্ষিক সাধারণ সভাকে 'রাজকাহন' হিসেবে বর্ণনা করেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিএসসির জন্য গৃহীত উন্নয়ন প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য তিনি আল্লাহ তা'আলার নিকট দোয়া প্রার্থনা করেন। তিনি আরো বলেন, বিএসসির এবারের বার্ষিক প্রতিবেদনটি অত্যন্ত সুন্দর ও পরিছন্ন হয়েছে এবং এতে সকল বিষয় সুস্পষ্টভাবে উপস্থাপিত হয়েছে। বিএসসির বার্ষিক প্রতিবেদনে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সংযোজন করায় বিএসসির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া, তিনি বিএসসি মেরিন ওয়ার্কশপকে আধুনিকায়ন করার এবং বিএসসির স্থাবর সম্পত্তিসমূহ যথাযথভাবে ব্যবহার করার পরামর্শ প্রদান করেন। তিনি ইউক্রেনে ক্ষতিগ্রস্থ এম.ভি. বাংলার সমৃদ্ধি জাহাজের নিহত থার্ড ইঞ্জিনিয়ার মোঃ হাদিসুর রহমানের রুহের মাগফিরাত কামনা করেন। এছাড়া, এম.ভি. বাংলার সমৃদ্ধি জাহাজের অফিসার ও নাবিকের উদ্ধারে সরকারের গৃহীত পদক্ষেপের ভূয়শী প্রশংসা করেন। বর্তমানে সকল প্রতিষ্ঠান যেখানে অনলাইনে এজিএম আয়োজন করছে সেখানে বিএসসি সকল অংশীজনকে সাথে নিয়ে এজিএম আয়োজন করায় তিনি মাননীয় সভাপতি মহোদয়ের প্রতি শেয়ারহোল্ডারদের পক্ষ থেকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বিএসসিকে অন্যান্য সরকারী প্রতিষ্ঠান এবং পুঁজি বাজারের তালিকাভূক্ত অন্যান্য কোম্পানীর মধ্যে ১নং প্রতিষ্ঠান হিসেবে গণ্য করেন এবং সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

জনাব হীরালাল বণিক (বিও একাউন্ট নং-১২০৪৩২০০২১৫৬৮৫৭৫) :-

জনাব হীরালাল বণিক সভার সম্মানিত সভাপতি মহোদয় ও শেয়ারহোল্ডারসহ সকলকে সাধুবাদ জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বিজয়ের মাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং সুন্দর একটি এজিএম আয়োজন করায় মাননীয় প্রতিমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, বিএসসির উন্নয়নে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, মন্ত্রণালয়ের সম্মানিত সচিব, বিএসসির ব্যবস্থাপনা পরিচালকসহ সবার অবদান আছে। ১৯৭২ সাল থেকে এ পর্যন্ত বিএসসি শিপিং সেক্টরে উন্নয়নের ভূমিকা রেখে আসছে। বিএসসি একসময় নিস্তেজ হয়ে গিয়েছিল। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নেতৃত্বে এগিয়ে যাচ্ছে বিএসসি। ২০২১-২২ অর্থ বছরে ২০% লভ্যাংশ ঘোষণা করায় তিনি শেয়ারহোল্ডারের পক্ষ থেকে অভিনন্দন জানান। এছাড়া, বিএসসির এজিএম অনুষ্ঠানে আসার জন্য বিএসসির প্রধান কার্যালয় থেকে গাড়ীর সুব্যবস্থা করায় এবং সভায় চিকিৎসা ব্যবস্থা রাখার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তা-চেতনায় রয়েছে দেশের উন্নয়ন। তাই, তাঁর হাত ধরেই কেবল দেশকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব। মাননীয় প্রধানমন্ত্রীর হাত ধরেই ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের মধ্যে বিস্ময় সৃষ্টি করবে। তিনি মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের প্রশংসা করেন। তিনি আরো বলেন, এখন বিয়েসহ অন্যান্য সামাজিক অনুষ্ঠান সশরীরে আয়োজন করা হচ্ছে। তাই, অন্যান্য প্রতিষ্ঠানের এজিএম সশরীরে আয়োজনের ক্ষেত্রে বিএসসিকে অনুসরণ করা উচিত। সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে এগিয়ে যাওয়ার জন্য এবং বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নের জন্য তিনি আহবান জানান। দেশকে সুন্দর করে গড়ে তোলার আহবান জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন।

জনাব কামাল উদ্দিন আহমেদ (বিও একাউন্ট নং-১২০১৯৬০০০১১৪১৭৬২)

জনাব কামাল উদ্দিন আহমেদ বিএসসির ৪৫তম বার্ষিক সাধারণ সভা চট্টগ্রাম বোট ক্লাবের সুন্দর ও মনোরম পরিবেশে আয়োজন করার জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও বিএসসির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের প্রতি ধন্যবাদ জ্ঞাপন এবং সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। চট্টগ্রামে অনুষ্ঠিত বিএসসির এজিএম অত্যন্ত নান্দনিক হওয়ায় তিনি সকলের প্রশংসা করেন। তিনি পুঁজিবাজারের অন্যান্য প্রতিষ্ঠানকে বিএসসির ন্যায় এজিএম আয়োজনের অনুরোধ করেন। ২০২১-২২ অর্থ বছরে ২০% লভ্যাংশ ঘোষণা করায় তিনি মাননীয় প্রতিমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং পরিবেশ বান্ধব সুন্দর ব্যাগ উপহার দেয়ায় তিনি বিএসসির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিশেষে তিনি স্বাধীনতার যুদ্ধে যারা শাহাদাৎবরণ করেছেন তাদের রুহের মাগফিরাত কামনা করে এবং বিএসসির উন্নতি ও সাফল্য কামনা করে তার বক্তব্য শেষ করেন।

মোঃ আবদুল কাদের (বিও একাউন্ট নং-১২০১৫৪০০৫০২২০৫০২) :-

জনাব মোঃ আবদুল কাদের সকলকে সালাম জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি প্রথমেই গৃহীত উন্নয়ন কার্যক্রমের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। কর্পোরেশনের নতুন জাহাজগুলো লাভজনকভাবে পরিচালনা করে আয় বাড়ানোর পরামর্শ প্রদান করেন। তাছাড়া, তিনি বিএসসির উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলের সচেষ্ট থাকার আহবান করেন। বিএসসি ২০% লভ্যাংশ ঘোষণা করায় তিনি সকলের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে লভ্যাংশ আরো বৃদ্ধির অনুরোধ করেন। তিনি অন্যান্য সকল প্রতিষ্ঠানকে অনলাইনে এজিএম না করে সরাসরি এজিএম আয়োজন করার আহবান জানান। পরিশেষে তিনি বিএসসির সার্বিক উন্নয়নে পাশে থাকায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

আলহাজ্ব মোঃ আবদুল ওয়াহাব (বিও একাউন্ট নং-১২০১৯৬০০০৮০১৪৩৬৭) :-

জনাব আলহাজ্ব মোঃ আবদুল ওয়াহাব সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। শুরুতেই তিনি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় এবং উপস্থিত চট্টগ্রাম-১১ আসনের সম্মানিত সংসদ সদস্য জনাব এম. এ. লতিফ মহোদয়কে স্বাগত জানান। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি গৃহীত উন্নয়ন কার্যক্রমের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অনলাইনে এজিএম আয়োজন করে বিভিন্ন কোম্পানি সঠিক তথ্য তুলে ধরতে পারছে না বলে তিনি দাবি করেন এবং বিএসসি তার ব্যতিক্রম বিধায় তিনি বিএসসিকে অনুসরণের জন্য সকল প্রতিষ্ঠানের প্রতি আহবান জানান। তিনি বলেন, বিএসসি সরকারি প্রতিষ্ঠান হয়েও স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে কার্যক্রম পরিচালনা করছে। তাই, তিনি বিএসসি পরিচালনা পর্ষদের প্রতি আন্তরিক ধন্যবান জানান। বিএসসি লাভের সাথে সামঞ্জস্য রেখে লভ্যাংশ প্রদানের ধারা বৃদ্ধি করায় বিএসসির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম. ভি. বাংলার সমৃদ্ধি জাহাজের নিহত থার্ড ইঞ্জিনিয়ার মোঃ হাদিসুর রহমানের পরিবারকে দ্রুততার সহিত ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করায় বিএসসি কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া, বর্তমান ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক গৃহীত উন্নয়ন পরিকল্পনা এবং তাঁর কর্মনিষ্ঠতার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তাছাড়া, তিনি বিএসসির উন্নয়নের ধারা অব্যাহত রাখতে স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় সুযোগ সুবিধাসহ যথাসময়ে পদোন্নতি প্রদানের অনুরোধ করেন। পরিশেষে তিনি বিএসসিকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

আলোচ্যসূচি ১ এবং ২:- ২০২১-২২ অর্থ বছরের পরিচালক মন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষিত বার্ষিক হিসাব ও বহি: যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন:-

উপস্থাপিত প্রস্তাব	সিদ্ধান্ত/অনুমোদন
বিএসসির সচিব ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ২০২১-২২ অর্থ বছরের বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তদ্‌সংশ্লিষ্ট বহি: যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের নিমিত্ত প্রস্তাব উপস্থাপন করেন।	বিএসসির ২০২১-২২ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং একই অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তদ্‌সংশ্লিষ্ট বহি: যুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি ৩:- ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য বহিঃযুগ্ম-নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ ঃ-

উপস্থাপিত প্রস্তাব	সিদ্ধান্ত/অনুমোদন
বিএসসির সচিব গত ০১-১১-২০২২ তারিখ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৩১৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী উক্ত সংস্থার তালিকাভুক্ত নিরীক্ষক ১। Ahmed Zaker & Co. Chartered Accountants এবং ২। Islam Quazi Shafique & Co. Chartered Accountants প্রত্যেককে ৮৭,৫০০/- টাকা ফি'তে অর্থাৎ মোট ১,৭৫,০০০/- টাকা ফি-তে বহি: যুগ্ম-নিরীক্ষক হিসেবে নিয়োগের অনুমোদনের নিমিত্ত প্রস্তাব উপস্থাপন করেন।	বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী উক্ত সংস্থার তালিকাভুক্ত নিরীক্ষক ১। Ahmed Zaker & Co. Chartered Accountants এবং ২। Islam Quazi Shafique & Co. Chartered Accountants প্রত্যেককে ৮৭,৫০০/- টাকা ফি'তে অর্থাৎ মোট ১,৭৫,০০০/- টাকা ফি-তে বহি: যুগ্ম-নিরীক্ষক হিসেবে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য নিয়োগের নিমিত্ত উপস্থাপিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি ৪:- ২০২২-২৩ অর্থ-বছরের জন্য কর্পোরেট গভর্নেন্স নিরীক্ষক নিয়োগ :-

উপস্থাপিত প্রস্তাব	সিদ্ধান্ত/অনুমোদন
বিএসসির সচিব গত ১২-০৯-২০২২ তারিখ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৩১৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের কর্পোরেট গভর্নেন্স কম্প্লায়েন্স সার্টিফিকেট ইস্যুর জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান অনুযায়ী মেসার্স এস.এ.রশিদ এন্ড এসোসিয়েটস-এর প্র্যাকটিসিং চার্টার্ড সেক্রেটারী জনাব এস. আব্দুর রশিদ এফসিএস-কে নিয়োগের অনুমোদনের নিমিত্ত প্রস্তাব উপস্থাপন করেন।	২০২২-২৩ অর্থ বছরের কর্পোরেট গভর্নেন্স কম্প্লায়েন্স সার্টিফিকেট ইস্যুর জন্য মেসার্স এস. এ. রশিদ এন্ড এসোসিয়েটস-এর প্র্যাকটিসিং চার্টার্ড সেক্রেটারী জনাব এস. আব্দুর রশিদ এফসিএস-কে কর্পোরেট গভর্নেন্স নিরীক্ষক হিসেবে নিয়োগের নিমিত্ত উপস্থাপিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি ৫:- ২০২১-২২ অর্থ-বছরের জন্য পরিচালনা পর্ষদের সুপারিশকৃত লভ্যাংশ ঘোষণা :-

উপস্থাপিত প্রস্তাব	সিদ্ধান্ত/অনুমোদন
গত ০১-১১-২০২২ তারিখে অনুষ্ঠিত বিএসসি পরিচালনা পর্ষদের ৩১৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিএসসির সচিব ২০২১-২২ অর্থ বছরের নীট লাভ হতে প্রতি ১০/-(দশ) টাকা অভিহিত মূল্যের শেয়ারের বিপরীতে সকল শেয়ারহোল্ডারদের জন্য ২০% হারে নগদ লভ্যাংশ প্রদানের প্রস্তাব অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করেন।	বিএসসির ২০২১-২২ অর্থ বছরের নীট লাভ হতে সকল শেয়ারহোল্ডারদের জন্য প্রতিটি ১০/-(দশ) টাকা অভিহিত মূল্যের শেয়ারের বিপরীতে ২০% হারে নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) প্রদানের নিমিত্ত উপস্থাপিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি ৬:- RPO-এর মাধ্যমে সংগৃহীত তহবিল ব্যয়ের সময়সীমা ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন :

উপস্থাপিত প্রস্তাব	সিদ্ধান্ত/অনুমোদন
